



# মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা

MADINATUL ULUM MODEL INSTITUTE FAZIL (DEGREE) MADRASAH

নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান পার্বত্য জেলা

স্থাপিত : ০১/০১/১৯৯০ খ্রিঃ।

★ EIIN-103132 ★ E-mail-m103132@yahoo.com. ★ Madrasah Code : 19754

www.mumiam.edu.bd

Mobile : Self- 01818-906-995 # Self- 01559-482-920 # Office- 01612-917-106 # Office- 01309-103-132



স্মারক নং-মউমইফামা/দশ-১১/২৮৬/২০২৩/৫০৩৬

তারিখ : ২৭/১১/২০২৩ খ্রিঃ

## অফিস আদেশ

অত্র মাদ্রাসার সম্মানিত সকল শ্রেণি শিক্ষক ও বিষয় শিক্ষকগণের সদয় অবগতি ও কার্যার্থে জানান যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে দেশের বেসরকারী মাদ্রাসা সমূহের জন্য শিক্ষা মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ঘোষিত সময় সূচি অনুযায়ী অত্র মাদ্রাসার ইবতেদায়ী ও দাখিল স্তরের বার্ষিক পরীক্ষা'২০২৩ আগামী ৯ ও ১২ নভেম্বর'২০২৩ হতে শুরু হয়েছে। উক্ত পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে গ্রহণ ও ফলাফল প্রস্তুতের লক্ষ্যে ইতোমধ্যে পরীক্ষা পরিচালনা কমিটি গঠন পূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে। অত্র মাদ্রাসার ইবতেদায়ী ও দাখিল স্তরের চলমান বার্ষিক পরীক্ষা'২০২৩ এর ইবতেদায়ী ৩য় শ্রেণি হতে দাখিল ৯ম শ্রেণি পর্যন্ত ফলাফল মাদ্রাসার ওয়েবসাইটের মাধ্যমে অনলাইন ভিত্তিক প্রকাশের উদ্যোগ নিয়েছে মাদ্রাসা কর্তৃপক্ষ।

এমতাবস্থায় প্রত্যেক বিষয় শিক্ষকের নামে পৃথক আইডি ও পাসওয়ার্ড তৈরী করা হয়েছে এবং উক্ত আইডি ও পাসওয়ার্ড ইতোমধ্যে সংশ্লিষ্টদেরকে সরবরাহ করা হয়েছে। বিশেষায়িত বিষয়ের সাথে নতুন কারিকুলামের বিষয় সমন্বয় পূর্বক মূল ফলাফল প্রস্তুত করার জন্য আগামী ৩০/১১/২০২৩ তারিখের মধ্যে নতুন কারিকুলামের বিষয় পাঠদানকারী শিক্ষকগণ ত্রিভূজধারী শিক্ষার্থীর নাম ও বিষয়ের বিপরীতে ৮০-১০০ মার্কস, বৃত্তধারী শিক্ষার্থীর নাম ও বিষয়ের বিপরীতে ৬০-৭৯ মার্কস এবং চতুর্ভূজধারী শিক্ষার্থীর নাম ও বিষয়ের বিপরীতে ৪০-৫৯ মার্কস প্রদান পূর্বক মূল্যায়ন ফলাফল সীট তৈরী করে মাদ্রাসার নামীয় [www.mumiam.edu.bd](http://www.mumiam.edu.bd) ঠিকানায় প্রবেশ করে Logging সেকশনে প্রবেশ করে নিজ আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগ করে অনলাইনে নিজ শ্রেণি ও বিষয় সিলেক্ট করে নিজ নিজ মূল্যায়নকৃত বিষয়ের বিপরীতে প্রদত্ত নম্বর শিক্ষার্থীর নামের বিপরীতে ইনপুট দিয়ে উক্ত কপির উপর "ওয়েবসাইটে নম্বর ইনপুট দেয়া হয়েছে" লিপিবদ্ধ করে পরীক্ষা কমিটির নিকট জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।



(মাওঃ মোহাম্মদ সৈয়দ হোসাইন)

অধ্যক্ষ

মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা  
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

☎ ০১৮১৮৯০৬৯৯৫/০১৫৫৯৪৮২৯২০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। মহা-পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা-১২১১।
- ৩। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৭। জনাব আলহাজ্ব আব্দুর রহমান, সভাপতি, নির্বাহী কমিটি, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।
- ৮। সদস্য (সকল), নির্বাহী কমিটি, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।
- ৯। জনাব মাওঃ মোহাম্মদ হেলাল উদ্দিন, উপাধ্যক্ষ, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।
- ১০। জনাব মাওঃ মোহাম্মদ আবু বকর ছিদ্দিক, সহঃমৌলভী ও আহবায়ক, পরীক্ষা কমিটি, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।
- ১১। অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান পার্বত্য জেলা। পত্রটি নোটিশ রেজিস্টার ও অনলাইনে প্রচারের অনুরোধসহ
- ১২। সংশ্লিষ্ট নথি।